

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২২শে শ্রাবণ, ১৩৯৫/৬ই আগস্ট, ১৯৮৮ ইং।

এস,আর,ও নং ২৪৯-আইন/৮৮।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার চা শিল্পে, ও চা দালালগণ কর্তৃক, বাংলাদেশে নিয়োজিত বিদেশী কর্মচারীগণের মোট আয়ের মধ্যে যে অংশ প্রকৃতপক্ষে বৈদেশিক ভাতা হিসাবে প্রাপ্ত বলিয়া গণ্য, অথবা উপচিত বা উদ্ধৃত বলিয়া গণ্য সেই অংশকে, ১লা জুলাই, ১৯৮৭ হইতে তিন বৎসরকাল সময়ের জন্য, উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিলেন:

তবে শর্ত থাকে যে, উক্ত বৈদেশিক ভাতার যে অংশ উক্ত কর্মচারীর মূল বেতনের অর্ধেকের সমপরিমাণ অথবা ৩,৫০০ টাকা, দুইটির মধ্যে যেটিই কম, এর অতিরিক্ত হয় সেই অতিরিক্ত অংশকে এই প্রজ্ঞাপনের অধীনে কর অব্যাহতি দেওয়া হইবে না।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ ছাইদুল হক চৌধুরী
অতিরিক্ত সচিব